

ফরেন অফিস কনসালটেশনের জন্য রাশিয়া সফরে বিদেশসচিব (মার্চ ১৭, ২০১৭)

বিদেশসচিব ড. এস. জয়শঙ্কর ফরেন অফিস কনসালটেশনের জন্য রাশিয়া সফরে, ১৬-১৭ মার্চ, ২০১৭। মহামান্য জনাব ইগর মোরগুলাভ, রাশিয়া ফেডারেশনের উপ বিদেশমন্ত্রী এবং মহামান্য জনাব সেগেই রয়ব্রকভ, রাশিয়া ফেডারেশনের উপ বিদেশমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন পররাষ্ট্রসচিব। একবিংশ সেন্ট পিটার্সবার্গ আন্তর্জাতিক অর্থনৈতিক ফোরাম (এসপিআইইএফ)-এ জুন ১-২, ২০১৭, আসন্ন অষ্টাদশ ভারত-রাশিয়া বার্ষিক শিখর সম্মেলন, যেখানে প্রধান অতিথি হিসাবে যোগ দেবেন ভারতের প্রধানমন্ত্রী এবং ভারত-রাশিয়া কূটনৈতিক সম্পর্কের ৭০ তম বর্ষ উদযাপনের পরিকল্পনা-সহ ভারত-রাশিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের একাধিক দিক নিয়ে তাঁরা আলোচনা করেন। আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়, আন্তর্জাতিক সংস্থার সংস্কার, সন্ত্রাস দমনে সহযোগিতা, মাদক বিরোধী এবং আঞ্চলিক সংগঠন যেমন এসওসি, ব্রিকস এবং আরআইসি-র সহযোগিতা ইত্যাদি বিষয়ে উভয়পক্ষ তাদের অবস্থানের সাদৃশ্যের কথা স্বীকার করে।

ড. জয়শঙ্কর সাক্ষাৎ করেন রাষ্ট্রদূত, রাশিয়া ফেডারেশনের প্রেসিডেন্টের বিদেশনীতি বিষয়ক পরামর্শদাতা ইউরি শাকোভ একইসঙ্গে মহামান্য জনাব কনস্টানটিন কোসাচেভ, ফেডারেশন কাউন্সিলের বৈদেশিক সম্পর্ক বিষয়ক কমিটির চেয়ারম্যান-এর সঙ্গে।

আলোচনা হয়েছে সম্পূর্ণ গঠনমূলক এবং খোলামেলা পরিবেশে এবং যেখানে গুরুত্ব পেয়েছে ভারত-রাশিয়ার মজবুত সম্পর্কের ভিত্তি এবং উভয় দেশের গুরুত্বপূর্ণ মেলবন্ধন।

নয়াদিল্লি

মার্চ ১৭, ২০১৭